



সম্প্রসারণ বার্তা



মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ □ ৪৫তম বর্ষ □ অষ্টম সংখ্যা □ অগ্রহায়ণ-১৪২৮, নভেম্বর-ডিসেম্বর, ২০২১ □ পৃষ্ঠা ৮

রংপুরে মসলা ফসলের প্রযুক্তি সম্প্রসারণে কর্মশালা...

২

গাজীপুরে কৃষি প্রযুক্তির ব্যবহার ও সহজ বাজারজাতকরণে ...

৩

পরিবর্তিত জলবায়ুতে কৃষিতে করণীয় বিষয়ক সেমিনার ...

৪

বরিশালে উন্নতমানের ধান, গম ও পাটবীজ উৎপাদন ...

৫

লবণাক্ত হাওর পাহাড়ি জমিতে ফসল উৎপাদনে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হচ্ছে: মাননীয় কৃষিমন্ত্রী

দেশের ক্রমবর্ধমান জনগোষ্ঠীর জন্য টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে উপকূলের লবণাক্ত, হাওর, পার্বত্য চট্টগ্রামসহ প্রতিকূল পরিবেশে ও জমিতে ফসল উৎপাদনে সরকার এখন সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে বলে জানিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, বর্তমান কৃষিবান্ধব সরকারের আমলে দেশে খাদ্য নিরাপত্তা অর্জিত হয়েছে। সরকার এখন সকল মানুষের পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করতে নিরলস কাজ করছে। কিন্তু ক্রমহ্রাসমান চাষযোগ্য জমি, বিপরীতে ক্রমবর্ধমান জনগোষ্ঠী ও জলবায়ু পরিবর্তনের

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩



হোটেল সোনারগাঁওয়ে বিশ্ব মৃত্তিকা দিবস উপলক্ষে কৃষি মন্ত্রণালয় আয়োজিত সেমিনার, শোকেসিং, সয়েল কেয়ার অ্যাওয়ার্ড ও মৃত্তিকা দিবস পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট প্রকাশিত সয়েল অ্যাটলাস অব বাংলাদেশ বইয়ের মোড়ক উন্মোচন করেন (রাবিবার, ৫ ডিসেম্বর ২০২১)

সারের দামে কঠোর নজরদারির নির্দেশ মাননীয় কৃষিমন্ত্রীর



সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

কৃষকপর্যায়ে সারের পর্যাপ্ত সরবরাহ ও সরকার নির্ধারিত দামের চেয়ে বেশি দামে যাতে সার বিক্রি না হয় তা নিশ্চিত করতে মাঠপর্যায়ের

কর্মকর্তাদের কঠোর নজরদারি ও তদারকির নির্দেশ দিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, সারের সাথে

এরপর পৃষ্ঠা ৪ কলাম ৩

এগ্রিবিজনেসে বিনিয়োগকারী ও উদ্যোক্তাদের সকল সহযোগিতা দেয়া হবে : মাননীয় কৃষিমন্ত্রী



হোটেল রেডিসন ব্লু উৎসব হলে বিজ্ঞ আয়োজিত আন্তর্জাতিক বিনিয়োগ সম্মেলনের এগ্রিবিজনেস : শ্রোথ বাই ন্যাচার শীর্ষক সেশনে প্রধান অতিথির বক্তৃতায় মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

দেশে এগ্রিবিজনেসে বিনিয়োগকারী ও উদ্যোক্তাদের সকল ধরনের প্রণোদনা এবং সহযোগিতা প্রদান করা হবে বলে জানিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী

ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার কৃষিগণ্যে প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানি বৃদ্ধিতে

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

লেবুজাতীয় ফসলের সম্প্রসারণ ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত

"লেবু জাতীয় ফসলের সম্প্রসারণ ও উৎপাদন বৃদ্ধি প্রকল্প" এর আওতায় কুমিল্লা ও সিলেট অঞ্চলের আঞ্চলিক কর্মশালা ৭ ডিসেম্বর ২০২১ তারিখ বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট এর কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ জনাব দিলরুবা আখতার, পরিচালক, হটিকালচার উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা। বিশেষ অতিথি কৃষিবিদ জনাব ড. ফারুক আহমদ, প্রকল্প পরিচালক, লেবু জাতীয় ফসলের সম্প্রসারণ ও

পূর্বে আবাদ পরিস্থিতি ও প্রদর্শনী স্থাপনের পরবর্তী সময়ে আবাদ পরিস্থিতি এবং উৎপাদন পরিস্থিতি পাওয়ার পয়েন্টের মাধ্যমে তুলে ধরেন। পাশাপাশি কয়েকজন লেবু জাতীয় ফসলের অগ্রসরমান কৃষক তাদের অভিজ্ঞতা এবং সাফল্য কর্মশালায় তুলে ধরেন।

"লেবু জাতীয় ফসলের সম্প্রসারণ ও উৎপাদন বৃদ্ধি প্রকল্প", খামারবাড়ি, ঢাকার অর্থায়নে এবং অতিরিক্ত পরিচালকের কার্যালয়, ডিএই, সিলেট অঞ্চল, সিলেটের আয়োজনে কর্মশালায় দু'অঞ্চলের কৃষি মন্ত্রণালয়ের অধীন



উৎপাদন বৃদ্ধি প্রকল্প, ও জনাব স্বপন হালদার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএডিসি (সেচ), সিলেট বিভাগ, সিলেট। কর্মশালায় সিলেট অঞ্চলের ০৯টি উপজেলা এবং কুমিল্লা অঞ্চলের ৬টি উপজেলায় লেবু জাতীয় ফসলের প্রদর্শনী স্থাপনের

বিভিন্ন দপ্তর সংস্থার কর্মকর্তা ও অগ্রসরমান সফল কৃষক মিলে প্রায় ১০০জন অংশগ্রহণ করেন। সভাপতিত্ব করেন কৃষিবিদ দিলীপ কুমার অধিকারী, অতিরিক্ত পরিচালক, ডিএই, সিলেট অঞ্চল, সিলেট।

আ.ন.ম বোরহান উদ্দিন ভূঞা, কৃতসা, সিলেট



১৪ ডিসেম্বর ২০২১ শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন কৃষি তথ্য সার্ভিসের সম্মানিত পরিচালকসহ বিভিন্ন পর্যায়ের কর্মচারী।

রংপুরে মসলা ফসলের প্রযুক্তি সম্প্রসারণ সন্নিবদ্ধ কর্মশালা উদ্বোধন করেন কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব



রংপুরে সন্নিবদ্ধ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন সম্মানিত সিনিয়র সচিব জনাব মোঃ মেসবাহুল ইসলাম, কৃষি মন্ত্রণালয়

বাংলাদেশ কৃষি গবেষণা সরেজমিন বিভাগ রংপুর এর সেমিনার কক্ষে ১০ ডিসেম্বর ২০২১ দুপুর বাংলাদেশ মসলা জাতীয় ফসলের গবেষণা জোড়দার প্রকল্পের অর্থায়নে সন্নিবদ্ধ কর্মশালা অনুষ্ঠিত হয়। কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর এর মহাপরিচালক ড. দেবশীষ সরকার এর সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ মেসবাহুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রংপুর অঞ্চল রংপুর এর অতিরিক্ত পরিচালক মোঃ তহিদুল ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য উপস্থাপন করেন মসলা গবেষণা কেন্দ্র, শিবগঞ্জ বগুড়ার এর সিএসও ড. মোঃ মাজহারুল আনোয়ার। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ মশলাজাতীয় ফসলের জোরদারকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক ড. শৈলেন্দ্র নাথ মজুমদার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের রংপুর অঞ্চলের ৫ জেলার উপপরিচালকগণ এবং রংপুর জেলার উপজেলা কৃষি অফিসার ও কৃষি গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানীগণ।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, ব্রি ধান২৮ ও ব্রি ধান২৯ ধানে পোকামাকড় ও রোগবাহাই বেশি আক্রমণ করে তাই এ ধান কম আবাদ করতে হবে। যেসব ধানের জীবনকাল কম এবং ফলন বেশি সেসব ধান আবাদ করতে হবে। কৃষি বিজ্ঞানীরা জিংক এবং আয়রন সমৃদ্ধ ধান আবিষ্কার করেছেন সেসব

যেসব ধানের জীবনকাল কম এবং ফলন বেশি সেসব ধান আবাদ করতে হবে। কৃষি বিজ্ঞানীরা জিংক এবং আয়রন সমৃদ্ধ ধান আবিষ্কার করেছেন সেসব ধানের আবাদ বাড়তে হবে।

ধানের আবাদ বাড়তে হবে। রংপুর অঞ্চলের তিস্তা এবং লালমনিরহাটে যে বিশাল চর রয়েছে সেখানে মিষ্টি কুমড়া, চিনা বাদাম, কাউন আবাদ করতে হবে। অনুষ্ঠানে মুক্ত আলোচনায় রংপুর জেলার কৃষি অফিসার মোঃ সাইফুল ইসলাম এবং গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলা ও কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলার একজন করে কৃষক বক্তৃতা দেন।

সেখ জিয়াউর রহমান, কৃতসা, রংপুর

কৃষি পণ্য বেচাকেনায় সরকারি অ্যাপ 'সদাই' ডাউনলোড করা যাবে গুগল প্লে স্টোর থেকে।



গাজীপুরে কৃষি প্রযুক্তির ব্যবহার ও সহজ বাজারজাতকরণে কলা চাষে আগ্রহী কৃষকরা

গাজীপুরের কাপাসিয়া উপজেলার ঘাণ্ডিয়া গ্রামের মাঠজুড়ে সারি সারি কলা বাগান। যা দেখলে নয়ন জুড়িয়ে যায়। সাগর কলা, চম্পা কলা, সবরি কলা, দেশি ঘেরা কলা বাগানে ভর্তি কাপাসিয়া সোনারবাংলা এআইসিসি সদস্যদের। প্রতি ছড়া সাগর কলা পাইকারি বিক্রি হয় ৩০০- ৩৫০ টাকা, চম্পা কলা ১৫০-২০০ টাকা, সবরি ২৫০-৩০০ টাকা, ঘেরা ২০০-২৫০ টাকা।

কাপাসিয়া উপজেলার ঘাণ্ডিয়া গ্রামের কলাচাষি হুমায়ন কবীর জানান, ৫২ শতক জমিতে সাগর কলা চাষ করে এক বছরে খরচ বাদ দিয়ে লাভ করেছেন ৮০হাজার টাকা। তিনি আরও জানান এখানে কলার ফলন খুবই ভাল হয়। আমাদের এখানকার উৎপাদিত কলা স্থানীয় হাট বাজার গুলোতে বিক্রির পাশাপাশি নগরীর হাট বাজারগুলোতে নিয়ে যায়।

কাপাসিয়া সোনারবাংলা এআইসিসির সভাপতি হুমায়ন কবীর ছাড়াও অন্যান্য সদস্যদের মধ্যে কলা চাষ করেন। ক্লাব থেকে কোন ধরনের

আইসিটি সেবা পায় কিনা সদস্যদের প্রশ্ন করা হলে, কৃষক শাহীন জানান আমরা সার, রোগবালাই যে কোন ধরনের সমস্যা হলে আমরা এআই-সিসি এসে আলোচনা করি এবং পরামর্শ অনুযায়ী কাজ করি। ঘাণ্ডিয়া এলাকার মাটি লাল হওয়াতে কলার ফলন বেশ ভালো হয়। তবে উপযুক্ত কৃষি প্রযুক্তির ব্যবহার ও সহজ বাজারজাতকরণ কলা চাষে আগ্রহী কৃষকদের উদ্বুদ্ধ করবে।

অপর্ণা বড়ুয়া, কৃতসা, ঢাকা



নিজের কলা বাগানে আন্তঃপরিচর্যা ব্যস্ত কৃষক

পুষ্টি কর্নার : কুল/বরই

কুলে যথেষ্ট পরিমাণে ভিটামিন 'এ', ভিটামিন 'সি' ও খনিজলবণ থাকে। খাদ্যোপযোগী প্রতি ১০০ গ্রাম কুলে জলীয় অংশ ৭৩.২ গ্রাম, খনিজ পদার্থ ১.০ গ্রাম, খাদ্যশক্তি ১০৪ কিলোক্যালরি, আমিষ ২.৯ গ্রাম, চর্বি ০.১ গ্রাম, শর্করা ২৩.৮ গ্রাম, ক্যালসিয়াম ১১মিলিগ্রাম, ভিটামিন বি১ ০.০২ মিলিগ্রাম, ভিটামিন বি২ ০.০৫ মিলিগ্রাম ও ভিটামিনসি ৫১ মিলিগ্রাম পুষ্টি উপাদান রয়েছে। কুল ও পাতা বাটা বাতের জন্য উপকারী, ফল রক্ত পরিষ্কার এবং হজম সহায়ক। পেটে বায়ু ও অরুচি রোধে ফুল থেকে তৈরি ওষুধ ব্যবহার করা হয়। শুকনো কুলের গুঁড়া ও আখের গুঁড় মিশিয়ে চেটে খেলে মেয়েদের সাদা শ্রাবের কিছুটা উপকার হয়। কুল বাংলাদেশের সর্বত্র উৎপাদিত হয়। তবে রাজশাহী, কুমিল্লা, খুলনা, বরিশাল ও ময়মনসিংহে উৎকৃষ্ট জাতের কুল আবাদ হয়ে থাকে। সাধারণত পাকা ও টাটকা অবস্থায় কুল খাওয়া হয়। কুল থেকে আচার, চাটনি ও অন্যান্য মুখরোচক খাবার ও তৈরি করা যায়।



কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ উইং এর সম্মেলন কক্ষে “সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প” এর আওতায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি প্রকৌশলী এবং জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের ১৩-১৪ ডিসেম্বর ২০২১ দুই দিন ব্যাপী প্রশিক্ষণে উপস্থিত ছিলেন কৃষিবিদ মো. মোয়াজ্জেম হোসেন, প্রকল্প পরিচালক, আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প এবং কৃষিবিদ মো. বেনজীর আলম, প্রকল্প পরিচালক, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প, ডিএই।

মো. মনজুরুল ইসলাম মিন্টু, কৃতসা, ঢাকা

নওগাঁতে আমন ধানের নমুনা শস্যকর্তন অনুষ্ঠিত

নওগাঁর সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে ২২ নভেম্বর ২০২১ তিলকপুর ইউনিয়নের ফতেপুর ব্লকের কাদোয়া বটতলায় আমন ধানের নমুনা শস্যকর্তন অনুষ্ঠিত হয়। নমুনা শস্যকর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নওগাঁ জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ মো: শামছুল

মো: হারুন অর রশীদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপসহকারী কৃষি কর্মকর্তা মো: মেসবাহুল আরেফিন। অনুষ্ঠানে কৃষি অফিসের কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক, আদর্শ কৃষকসহ প্রায় ৫০ জন উপস্থিত ছিলেন। উল্লেখ্য, কৃষক মো: ফেরদৌস হোসেনের গোলাকৃতি ২০ বর্গমিটার মাপের জমিতে ব্রিধান-৪৯ জাতের কর্তন শেষে মাড়াই-ঝাড়াই করে



ওয়াদুদ। বিশেষ অতিথি ছিলেন নওগাঁ সদর উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ ড. মো: আনোয়ারুল ইসলাম ও উপসহকারী কৃষি কর্মকর্তা

ধানে ফলন হেক্টরে ৪.২ মেট্রিক টন পাওয়া যায়।

মো: দেলোয়ার হোসেন, কৃতসা, রাজশাহী

পরিবর্তিত জলবায়ুতে কৃষিতে করণীয় বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

কৃষি তথ্য সার্ভিস, ময়মনসিংহ আঞ্চলিক কার্যালয়ের আয়োজনে পরিবর্তিত জলবায়ুতে কৃষিতে করণীয় বিষয়ক সেমিনার গত ৬ ডিসেম্বর ২০২১ আইসিটি ল্যাব, কৃষি তথ্য সার্ভিসের, আঞ্চলিক কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চলের অতিরিক্ত পরিচালক, কৃষিবিদ মো: আব্দুল মাজেদ। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি

বলেন, বাংলাদেশে অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ খ্যাত হচ্ছে কৃষি, যা এ দেশের বিপুল জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে ব্যাপক অবদান রাখছে। কিন্তু বৈশ্বিক উন্নয়নের কারণে সামরিকভাবে বিশ্বের জলবায়ু পরিবর্তন হচ্ছে যার প্রত্যক্ষ প্রভাব পড়েছে বাংলাদেশে তথ্য সার্বিক জীবন যাত্রার উপর। তিনি আরও বলেন জলবায়ু পরিবর্তনের ফলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে আমাদের কৃষি খাত। তাই জলবায়ু পরিবর্তন



অনুষ্ঠানে বক্তব্য রাখছেন মো: আব্দুল মাজেদ, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ

বিশ্ববিদ্যালয়ের কৃষিতত্ত্ব বিভাগের প্রফেসর ড. মো: রমিজ উদ্দিন। আলোচক হিসেবে বক্তব্য রাখেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ময়মনসিংহের উপপরিচালক কৃষিবিদ মো: মতিউজ্জামান, অতিরিক্ত পরিচালকের কার্যালয়ের উপ পরিচালক কৃষিবিদ মো: আশরাফ উদ্দিন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কৃষিবিদ এস.এস ফারহানা হোসেন আঞ্চলিক কৃষি তথ্য ও যোগাযোগ বিশেষজ্ঞ, কৃষি তথ্য সার্ভিসের আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ। অনুষ্ঠানের সভাপতি তাঁর বক্তব্যে

মোকাবেলা করে আবহাওয়া নির্ভর প্রযুক্তি উদ্ভাবন করে কৃষকপর্যায়ে পৌঁছে দিতে হবে। ইচ্ছে করলেই এই জলবায়ু পরিবর্তন করা সম্ভব নয়। একে মোকাবিলা করেই আমাদের এগিয়ে যেতে এবং জলবায়ুর পরিবর্তন বিষয়ে কৃষকদেরকে সচেতন করতে হবে।

উক্ত সেমিনারে কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন সংস্থার জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা, প্রিন্ট ও ইলেক্ট্রনিক্স মিডিয়ার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

মো: খোরশেদ আলম, কৃতসা, ময়মনসিংহ,



ঢাকায় জিআইএসএফ এর আঞ্চলিক

শেষ পাতার পর



ঢাকায় কানাডার খাদ্য নিরাপত্তা ইনস্টিটিউটের অফিস উদ্বোধন করছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি ও অন্যান্য অতিথিবৃন্দ

আরও বৃদ্ধি পাবে। ক্রমবর্ধমান জনগোষ্ঠীর খাদ্য চাহিদা পূরণ ও খাদ্য নিরাপত্তাকে টেকসই করতে হলে আমাদের পারস্পরিক সহযোগিতা প্রয়োজন। এ লক্ষ্যে দুদেশ একসাথে কাজ করবে।

উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকায় অফিস স্থাপন উপলক্ষ্যে জিআইএফএস-কানাডা এবং বিএআরসির মধ্যে একটি চুক্তি সই হয়। এতে স্বাক্ষর করেন বিএআরসির নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার ও জিআইএফএসের চিফ অপারেটিং

অফিসার স্টিফেন ভিশার। এসময় কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ মেসবাহুল ইসলাম, ঢাকায় নিযুক্ত কানাডার রাষ্ট্রদূত বেনোয়েট প্রিফনটেইন, কানাডায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ড. খলিলুর রহমান, জিআইএফএসে স্থাপিত বঙ্গবন্ধু রিসার্চ চেয়ার ড. অ্যান্ড শার্প, সান্সচুয়ান বিশ্ববিদ্যালয়ের ভাইস-প্রেসিডেন্ট (গবেষণা) ড. বালজিট সিং, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো: রুহুল আমিন তালুকদার বক্তব্য রাখেন। প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

সারের দামে কঠোর নজরদারির নির্দেশ

প্রথম পাতার পর

ফসলের উৎপাদন এবং সরকারের ভাবমূর্তিও জড়িত। সারের কোন রকম সংকট হলে ফসলের উৎপাদনে প্রভাব পড়বে, সরকারের ভাবমূর্তিও ক্ষুণ্ণ হবে। সে জন্য, দেশের কোথাও কোনো ক্রমেই যাতে সারের সরবরাহ এবং দাম নিয়ে ছলচাতুরি, কারসাজি ও কালোবাজারি না হয়, সেদিকে খেয়াল রাখার আহ্বান জানান। সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ৩০ নভেম্বর ২০২১ বিকেলে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, দেশে সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। বর্তমানে বিশ্ববাজারে সারের দাম তিনগুণ বেড়েছে কিন্তু দেশে সরকার এই মুহূর্তে সারের দাম বাড়াবে না। বিশ্ব বাজারে সারের দাম বেড়েছে এই অজুহাতে দেশে কেউ যেন কৃত্রিম সংকট সৃষ্টি করে সুযোগ না

নিতে পারে, এ বিষয়ে মাঠপর্যায়ের কর্মকর্তাদের খুব সতর্ক থাকতে হবে। গুণগতমান বজায় রেখে যথাসময়ে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালকদের মাননীয় কৃষিমন্ত্রী এ আহ্বান জানান।

সভায় জানানো হয়, চলমান ২০২১-২২ অর্থবছরে কৃষি মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন প্রকল্পের সংখ্যা ৭০টি। মোট বরাদ্দ ২ হাজার ৯১৮ কোটি টাকা। অক্টোবর ২০২১ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি হয়েছে ১৬.২৮%। এ সময়ে জাতীয় গড় অগ্রগতি হয়েছে ১২.৫০%। সভাটি সম্বলনা করেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও সচিবের রুটিন দায়িত্বরত ড. মো: আবদুর রৌফ। এ সময় মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা ও সংস্থাপ্রধানসহ প্রকল্প পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

বরিশালে উন্নতমানের ধান, গম ও পাটবীজ উৎপাদন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

বরিশালে আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষকপর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাটবীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের কর্মশালা ১৭ নভেম্বর ২০২১ নগরীর ব্রিহ্মহল্লরুমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) উদ্যোগে এই কর্মশালার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রকল্প পরিচালক জনাব মো. মোয়াজ্জেম হোসেন।

তিনি বক্তব্যে বলেন মানুষের খাদ্য ও পুষ্টির নিরাপত্তা দেওয়াই আমাদের কাজ। তবে দেশের অতিরিক্ত লোকের চাহিদা নিশ্চিত করতে অন্য ফসলের পাশাপাশি ধানের উৎপাদন

বাড়াতে হবে। এ জন্য দরকার উন্নত জাত ব্যবহার। আর তা কৃষকের দোরগোড়ায় পৌঁছানো এ প্রকল্পের মাধ্যমেই সম্ভব।

কর্মশালায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক মো. তাওফিকুল আলম সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধ্যক্ষ হুদয়েশ্বর দত্ত এবং বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আলমগীর হোসেন। এ ছাড়াও কর্মশালায় কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা উপস্থিত ছিলেন। নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল



কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো. মোয়াজ্জেম হোসেন প্রকল্প পরিচালক, ডিএই

সমলয় চাষাবাদ কার্যক্রমের মাঠ দিবস

মুন্সীগঞ্জের শ্রীনগরে “কৃষিই সমৃদ্ধি” এই স্লোগানে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে ব্লক প্রদর্শনী স্থাপনের মাধ্যমে হাইব্রিড জাতের বোরো ধানের সমলয় চাষাবাদ কার্যক্রমের মাঠ দিবস অনুষ্ঠিত হয়। ৮ নভেম্বর ২০২১ উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলার পাটাতোগ ইউনিয়নের কামারখোলা মাঠে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপজেলা কৃষি অফিসার জনাব শান্তনা রানীর সভাপতিত্বে মাঠ দিবসের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুন্সীগঞ্জ জেলার সম্মানিত জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট জনাব কাজী নাহিদ রসুল।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন,

বর্তমান সরকার কৃষিকে আধুনিক ও লাভজনক করতে টেকসই যান্ত্রিকীকরণের বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। সমবায়ভিত্তিক এ সমলয় চাষ কৃষি যান্ত্রিকীকরণ পদ্ধতির প্রবর্তন সহজতর করবে।

অন্যান্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক জনাব আব্দুল কাদির মিয়া, মুন্সীগঞ্জ জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক জনাব খুরশীদ আলম প্রমুখ। উল্লেখ্য, এ বছর শ্রীনগর উপজেলার কোলাপাড়া ইউনিয়নের সময়পুর ব্লকে দশজন চাষির ৫০ একর জমি সমলয় চাষের আওতায় এসেছে। বোরো ধানের (হাইব্রিড) মেঘনা জাতের এ ধানটিতে ফলন এসেছিল হেক্টরপ্রতি ৭.৫০ মেট্রিক টন। অপর্ণা বড়ুয়া, কৃতসা, ঢাকা

কুমিল্লা অঞ্চলের জেলা ও উপজেলা পর্যায়ে কর্মকর্তাগণের মতবিনিময় সভা



মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ এ কে এম মনিরুল আলম, পরিচালক, সরেজমিন ইউং, ডিএই

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), কুমিল্লা অঞ্চল, কুমিল্লা এর আয়োজনে উপপরিচালক ডিএই কুমিল্লা এর কনফারেন্স হলে ২৯ নভেম্বর ২০২১ কুমিল্লা অঞ্চলের জেলা ও উপজেলা পর্যায়ে কর্মকর্তাগণের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ এ কে এম মনিরুল আলম, পরিচালক, সরেজমিন ইউং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।

তিনি বলেন কৃষি বিভাগের নিরলস প্রচেষ্টায় বাংলাদেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। এর পেছনে আধুনিক প্রযুক্তির ব্যবহার উল্লেখযোগ্য। সকল

উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার জন্য আরো সক্রিয়ভাবে কাজ করার জন্য উপস্থিত সকল কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন।

কৃষিবিদ মোঃ মিজানুর রহমান, উপপরিচালক ডিএই, কুমিল্লা এর সঞ্চালনায় সভাপতির বক্তব্য রাখেন কৃষিবিদ মোঃ আমিনুল ইসলাম, অতিরিক্ত পরিচালক, ডিএই, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো. শাখাওয়াত হোসেন শরীফ, অতিরিক্ত প্রকল্প পরিচালক, এনএটিপি প্রকল্প প্রমুখ।

মো. মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা

পাবনায় উপসহকারী কৃষি কর্মকর্তাদের তিন দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত

পাবনা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে ২০২১-২২ অর্থবছরে তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় ৩ দিনের উপসহকারী কৃষি কর্মকর্তাদের প্রশিক্ষণ ০৭-০৯ ডিসেম্বর ২০২১ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের খামারবাড়ি, উপপরিচালক এর কার্যালয়ের প্রশিক্ষণ হল রুমে অনুষ্ঠিত হয়।

উক্ত প্রশিক্ষণে পাবনার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা প্রশিক্ষণ অফিসার কৃষিবিদ মোঃ লোকমান হোসেনের সভাপতিত্বে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ মোঃ মিজানুর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে

প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন। উদ্বোধনী বক্তব্যে তিনি বলেন, সরকারের সুপারিকল্পিত এবং সময়োচিত পদক্ষেপে কৃষি উৎপাদনসহ সর্বক্ষেত্রে ব্যাপক হারে সাফল্য অর্জিত হচ্ছে। এতে কৃষকের আর্থ সামাজিক অবস্থার পরিবর্তনসহ কৃষি ক্ষেত্রে অভাবনীয় সাফল্য অর্জিত হয়েছে। ফলশ্রুতিতে কৃষি ক্ষেত্রে দিনকেদিন উন্নয়নের পরিলক্ষিত হচ্ছে। তিন দিনব্যাপী প্রশিক্ষণের মূল বিষয় ছিল বাংলাদেশে তেলজাতীয় ফসল চাষের সম্ভাবনা ও পুষ্টি নিরাপত্তা অর্জনে তেল ফসলের গুরুত্ব।

তুষার কুমার সাহা, কৃতসা, পাবনা



মুজিব জন্মশতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে ১৬ ডিসেম্বর ২০২১ মহান বিজয় দিবসে সাভার স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানানোর মুহূর্তে কৃষি তথ্য সার্ভিসের সম্মানিত পরিচালকসহ কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

পাবনা জেলার আটঘরিয়া উপজেলায় সরিষার ফুলে কৃষকের হাসি

পাবনার আটঘরিয়া উপজেলার বিভিন্ন ইউনিয়নে বিস্তীর্ণ এলাকায় কৃষি বিপ্লব ঘটেছে। এসব বিলে নিচু জমিগুলো আমন মৌসুমে ধানের আবাদ শেষে প্রায় দুই মাস পতিত পরে থাকত। বর্তমানে অধিকাংশ কৃষক জমি পতিত না রেখে বাড়তি ফসল হিসেবে উচ্চফলনশীল সরিষার

গ্রামের কৃষক মোঃ ফরিদ হোসেন জানান, তিনি চলতি মৌসুমে ৩ বিঘা জমিতে সরিষার আবাদ করেছেন। বিঘাপ্রতি প্রায় ৭ মণ হারে ফলন পাওয়া যেতে পারে। এ এলাকার কেউ জমি চাষ করে সরিষা বপন করেন আবার কেউ কেউ বিনাচাষে পতিত জমিতে বীজ ছিটিয়ে সরিষা



চাষ করছেন। সরিষা চাষ করে উদ্বৃত্ত অর্থ উপার্জন করায় বোরো চাষের খরচ উঠেও উদ্বৃত্ত থেকে যাচ্ছে কৃষকদের। এলাকায় ভোজ্যেতেলের আমদানি নির্ভরতাও কমেছে। বিল এলাকার কৃষকদের সরিষা চাষে উদ্বুদ্ধ করতে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করেছে সরকার। কৃষকরা আশা করছেন, এবার বাম্পার ফলন হবে। আটঘরিয়া উপজেলার হিদাসকোল

আবাদ করেন। আটঘরিয়া উপজেলা কৃষি কর্মকর্তা সজীব আল মারুফ জানান, এই উপজেলার একটি পৌরসভার ও পাঁচটি ইউনিয়নে ২ হাজার ৫৬০ হেক্টর জমিতে উচ্চফলনশীল জাতের সরিষা চাষ হচ্ছে। কৃষকেরা বারি-১৪, বারি-১৭, বিনা-১০, জাতের সরিষা আবাদ করছেন। হেক্টরপ্রতি গড় ফলন ১.২ টন পাওয়া যায়।

আসাদুল্লাহ, কৃতসা, পাবনা

যুক্তরাজ্যের ফুড স্ট্যান্ডার্ড এজেন্সির

শেষ পাতার পর

ও গ্রহণযোগ্য সার্টিফিকেশন দেয়ার জন্য কাজ করছি। এক্ষেত্রে যুক্তরাজ্যের যে সক্ষমতা রয়েছে, তা আমরা কাজে লাগাতে চাই। আমরা যুক্তরাজ্যের কারিগরি সহযোগিতা কামনা করি। আমাদের নিজস্ব অর্থেই এসব কার্যক্রম পরিচালিত হবে।

এ সময় ইউকে প্রতিনিধিদল ল্যাভ সিস্টেম উন্নয়নে ইউনিডো (UNIDO) থেকে অনুদান পাওয়া যেতে পারে বলে জানান এবং ইউকে এআইডির চলমান ফান্ডিং সহায়তায় এ বিষয়টিকে অন্তর্ভুক্ত করা যায় কিনা, এটিও তারা খতিয়ে দেখবেন বলে জানান। এ ছাড়া বাংলাদেশ ও ইউকের মধ্যে ট্রেড অ্যান্ড

ইনভেস্টমেন্ট এগ্রিমেন্টের বিষয়ে যে আলোচনা হচ্ছে- তার মধ্যে ল্যাভ ও ফাইটোস্যানিটারি বিষয়গুলো অন্তর্ভুক্ত করার উদ্যোগ নেয়া হবে বলে জানান লন্ডনে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম।

সম্প্রতি বাংলাদেশ থেকে ইউরোপে পান রপ্তানির নিষেধাজ্ঞা উঠে গেলেও ইউকে তা এখনও বহাল রয়েছে। এ বিষয়ে ইউকে প্রতিনিধিদল জানায়, ইংল্যান্ড, ওয়েলস ও স্কটল্যান্ডের পার্লামেন্টে নিষেধাজ্ঞা তুলে নেয়ার ব্যাপারে বিল পাস বিবেচনামূলক আছে। উত্তর আয়ারল্যান্ডে পান রপ্তানিতে নিষেধাজ্ঞা নেই।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়



বরিশাল সদরে ভর্তুকিমূল্যে পাওয়ার থ্রেসার বিতরণ

বরিশাল সদরের উপজেলা পরিষদ চত্বরে কৃষকের মাঝে ভর্তুকিমূল্যে পাওয়ার থ্রেসার বিতরণ উদ্বোধনী অনুষ্ঠান ২৫ নভেম্বর ২০২১ আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান মো. সাইদুর রহমান রিন্টু।

প্রধান অতিথির বক্তব্যে বলেন, ভর্তুকির মাধ্যমে প্রাপ্ত এই যন্ত্রপাতি কৃষক এবং সরকারের যৌথ সম্পত্তি। এগুলোর সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে। তাহলেই সরকারের উদ্দেশ্য সফল হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মো. মুনিবুর

রহমান। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস- চেয়ারম্যান মো. মাহবুবুর রহমান মধু। এ ছাড়াও বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার মোসা. ফাহিমা হক, কৃষি সম্প্রসারণ অফিসার মো. মাহফুজুর রহমান প্রমুখ।

উল্লেখ্য, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় সদর উপজেলায় ১২টি পাওয়ার থ্রেসার দেওয়া হবে। ১ লাখ ২০ হাজার টাকা মূল্যের প্রতিটি যন্ত্রবাবদ সরকার দেবে ৫০ হাজার টাকা এবং কৃষককে দিতে হবে ৭০ হাজার টাকা। নাইদ বিন রফিক, কৃতসা, বরিশাল

এগ্রিবিজনেসে বিনিয়োগকারী ও উদ্যোক্তাদের

প্রথম পাতার পর

সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে। এগ্রিবিজনেসে দেশের ও বিদেশের উদ্যোক্তাদের সরকার সকল সুবিধা প্রদান করবে। ২৯ নভেম্বর ২০২১ সোমবার হোটেল রেডিসন ব্লুর উৎসব হলে বিডা আয়োজিত আন্তর্জাতিক বিনিয়োগ সম্মেলনের এগ্রিবিজনেস : গ্রোথ বাই ন্যাচার শীর্ষক সেশনে প্রধান অতিথির বক্তৃতায় মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। মাননীয় কৃষিমন্ত্রী বলেন, আমরা সাধারণ জনগণ কৃষকের আয় বাড়াতে চাই। সেজন্য আন্তর্জাতিক বাজার দেশের সতেজ ও প্রক্রিয়াজাত কৃষি পণ্যে রপ্তানি বাড়ানোর পাশাপাশি প্রক্রিয়াজাত করে দেশের ভেতরে বাজার বিস্তৃত করতে হবে। এটি করতে পারলে কৃষকেরা উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য পাবে, লাভবান হবে ও তাদের আয় বাড়বে। সে লক্ষ্যে বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

স্থানীয় ও আন্তর্জাতিক ব্যবসায়ী এবং দেশের শিক্ষিত তরুণদের এগ্রিবিজনেসে বিনিয়োগের আহ্বান জানিয়ে কৃষিবিদ ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি আরও বলেন, দেশের

রপ্তানি মূলত গার্মেন্টস নির্ভর, এটিকে আমরা বহুমুখী করতে চাই। এক্ষেত্রে সবচেয়ে সম্ভাবনাময় হলো দেশের কৃষিখাত। বর্তমান কৃষিবান্ধব সরকারের প্রচেষ্টায় গত ১২ বছরে কৃষি উৎপাদনে বিস্ময়কর সাফল্য অর্জিত হয়েছে। সকল ফসলের উৎপাদন যেমন বেড়েছে, তেমনি অনেক ফসলে আমরা উদ্বৃত্ত। এসব ফসলের রপ্তানি ও প্রক্রিয়াজাতকরণ বৃদ্ধি এবং ভ্যালু অ্যাড করাই এখন আমাদের মূল লক্ষ্য।

প্রাণ-আরএফএল গ্রুপের চেয়ারম্যান ও সিইও আহসান খান চৌধুরীর সম্বলনায় সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এসিআই এগ্রিবিজনেসের ব্যবস্থাপনা পরিচালক ড. এফ এইচ আনসারি। এ সময় কৃষি মন্ত্রণালয়ের সাবেক সচিব আনোয়ার ফারুক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান মো. আব্দুল কাইয়ুম সরকার, ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশনের আঞ্চলিক শিল্প পরিচালক রানাকারাদশেহ-হাদ্দাদ, সীমার্ক গ্রুপের চেয়ারম্যান ইকবাল আহমেদ প্রমুখ বক্তব্য রাখেন।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

আন্তর্জাতিক মানের ল্যাব স্থাপন, পেম্পোজ ও আলু

শেষ পাতার পর

ইউরোপের বাজারে কৃষিপণ্যের রপ্তানি এবং কৃষিখাতে পারম্পরিক সহযোগিতা বাড়াতে সম্প্রতি বিগত ০৯-১৮ নভেম্বর ২০২১ নেদারল্যান্ডস ও যুক্তরাজ্য সফর করেছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাকের নেতৃত্বে সরকারি ও বেসরকারি শিল্পোদ্যোক্তাদের একটি প্রতিনিধিদল। এ বিদেশ সফর ও কৃষির সাম্প্রতিক বিষয় নিয়ে মাননীয় কৃষি মন্ত্রী প্রেসব্রিফিং করেন।

ব্রিফিংয়ে মাননীয় কৃষিমন্ত্রী জানান, নেদারল্যান্ডস বেসরকারি খাত থেকে উন্নত উৎপাদন প্রযুক্তি, সংগ্রহ, সংগ্রহভোর প্রযুক্তি, বিভিন্ন ধরনের মেশিনারিজ তৈরির প্রযুক্তিগত দিক, রিয়েল টাইম স্বয়ংক্রিয় রিপোর্টিং ব্যবস্থায় প্রযুক্তিগত সহায়তা এবং মানবসম্পদ উন্নয়নে প্রশিক্ষণ ও উচ্চশিক্ষায় সহায়তা পাওয়া যাবে।

এসব বিষয়ে ওখেনিঙেন বিশ্ববিদ্যালয় ও রিসার্চের সাথে সমঝোতা স্মারক শিগগিরই স্বাক্ষর হবে। এ ছাড়া দেশে ঘাটতি হলে সেপ্টেম্বর মাসে নেদারল্যান্ডসে উৎপাদিত নতুন পেম্পোজ আমদানির ব্যবস্থা ও কৃষি প্রক্রিয়াকরণে ডাচ বিনিয়োগের সম্ভাবনা রয়েছে।

মাননীয় কৃষিমন্ত্রী আরও জানান, আন্তর্জাতিক মানের ল্যাবরেটরি স্থাপন, ইন্টার ল্যাবরেটরি টেস্টিং ভ্যালিডেশন, ISO ১৭০২৫ Standard এর জন্য কারিগরি সহযোগিতা প্রদানের ক্ষেত্রে যুক্তরাজ্যের ফুড স্ট্যান্ডার্ড এজেন্সি এবং কৃষি মন্ত্রণালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর হবে। এ ছাড়া, গ্রিনিচ ইউনিভার্সিটির সাথে প্রশিক্ষণ সহযোগিতার প্রক্রিয়া এবং ব্রিটেনের সুপার স্টোর সেইন্টসবারি,

লবণাক্ত হাওর পাহাড়ি জমিতে ফসল উৎপাদনে

প্রথম পাতার পর

বিরূপ প্রভাবের মধ্যে খাদ্য নিরাপত্তা টেকসই বা ধরে রাখা সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

আজ রবিবার ০৫ ডিসেম্বর ২০২১ ঢাকায় হোটেল সোনারগাঁওয়ে বিশ্ব মৃত্তিকা দিবস উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয় আয়োজিত সেমিনার, শোকেসিং, সয়েল কেয়ার অ্যাওয়ার্ড ও মৃত্তিকা দিবস পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় কৃষি মন্ত্রী এসব কথা বলেন। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, খাদ্য ও কৃষি সংস্থা (এফএও), মৃত্তিকা বিজ্ঞান সমিতি এবং প্র্যাকটিক্যাল অ্যাকশন বাংলাদেশ এ অনুষ্ঠান আয়োজনে সহযোগিতা প্রদান করে।

এবারের বিশ্ব মৃত্তিকা দিবসের প্রতিপাদ্য হলো লবণাক্ততা রোধ করি, মাটির উৎপাদনশীলতা বৃদ্ধি করি। এর উপর গুরুত্ব দিয়ে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, দেশে লবণাক্ততা একটি বড় সমস্যা। জলবায়ু পরিবর্তনের ফলে লবণাক্ত জমির পরিমাণ আরও বাড়ার আশঙ্কা রয়েছে। এ অবস্থায়, খাদ্য উৎপাদন ব্যবস্থা স্থিতিশীল ও টেকসই রাখতে হলে উপকূলীয় ও দক্ষিণাঞ্চলের লবণাক্ত জমিতে চাষযোগ্য জাত এবং উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন ও ছড়িয়ে দিতে হবে। সেজন্য আমরা অগ্রাধিকারভিত্তিতে কাজ করে যাচ্ছি। ইতোমধ্যে আমাদের কৃষি বিজ্ঞানীরা অনেক ফসলের লবণাক্ততাসহিষ্ণু উন্নত জাত উদ্ভাবন করতে সক্ষম হয়েছে। এসব জাত ও উৎপাদন প্রযুক্তি চাষীদের মধ্যে দ্রুত সম্প্রসারণের জন্য কাজ চলছে।

অনুষ্ঠানে মাননীয় কৃষিমন্ত্রী মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট প্রকাশিত সয়েল অ্যাটলাস অব বাংলাদেশ বইয়ের মোড়ক উন্মোচন করেন ও মৃত্তিকার উপর শোকেসিং ঘুরে

আজডা, টেসকোর সাথে ব্রিটিশ বাংলাদেশ চেম্বারের মাধ্যমে বাজার সংযোগ সৃষ্টি হবে।

কৃষিকে লাভজনক ও বাণিজ্যিকীকরণ করতে চাই উল্লেখ করে মাননীয় কৃষি মন্ত্রী বলেন কৃষিপণ্যের রপ্তানি বৃদ্ধি, দেশে কৃষি প্রক্রিয়াজাত শিল্পপ্রতিষ্ঠান

দেখেন। সেমিনারে জানানো হয়, বাংলাদেশের প্রায় ২৫% এলাকা হচ্ছে উপকূলীয় এলাকা। উপকূলীয় ১৮টি জেলার ৯৩টিরও বেশি উপজেলার ১০ লক্ষ হেক্টরেরও বেশি জমি বিভিন্ন মাত্রায় লবণাক্ততায় আক্রান্ত, যা এই এলাকার ফসলের নিবিড়তা বৃদ্ধির প্রধান অন্তরায় হিসেবে বিবেচিত।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পরিবেশ, বন, ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মোঃ শাহাব উদ্দিন এমপি এবং কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ মেসবাহুল ইসলাম। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের মহাপরিচালক বিধান কুমার ভান্ডারের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন বিএআরসির নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোঃ বখতিয়ার, এফএওর বাংলাদেশ প্রতিনিধি রবার্ট ডি সিম্পসন। স্বাগত বক্তব্য রাখেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ হাসানুজ্জামান কল্লোল।

পরে বিকেলে কারিগরি সেশনে কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ মেসবাহুল ইসলাম সয়েল কেয়ার অ্যাওয়ার্ড-২০২১, সয়েল অলিম্পিয়াড এবং মৃত্তিকা দিবসের পুরস্কার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এ সময় তিনি বলেন, জনসংখ্যা যে হারে বাড়ছে, উপকূলের লবণাক্ত জমিকে কাজে লাগাতে না পারলে খাদ্য নিরাপত্তা বজায় রাখা সম্ভব হবে না। সেটিকে বিবেচনায় নিয়ে কৃষি মন্ত্রণালয় ও সংস্থাসমূহ সঠিক পথে নিরলসভাবে কাজ করছে। ফলে, আগে যেখানে বছরে একটি ফসল হতো, এখন সেখানে ২-৩টি ফসল হচ্ছে। এসব কার্যক্রমকে আরও জোরদার ও গতিশীল করতে মন্ত্রণালয় প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

স্থাপন ও প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে স্থানীয় ও আন্তর্জাতিক বাজার বিস্তৃত করতে হবে। এতে উৎপাদন মৌসুমে কৃষকের ন্যায্যমূল্য প্রাপ্তি ও লাভ নিশ্চিত করা সম্ভব হবে। এসব উদ্দেশ্যকে সামনে রেখেই নেদারল্যান্ডস ও যুক্তরাজ্য সফরের আয়োজন।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

আন্তর্জাতিক মানের ল্যাব স্থাপন, পৈঁয়াজ ও আলু সংরক্ষণে সহযোগিতা পাওয়া যাবে : মাননীয় কৃষিমন্ত্রী

কৃষি খাতে সহযোগিতা ও বাণিজ্য সম্পর্ক বৃদ্ধি করতে ২০২২ সালের মার্চ মাসে বাংলাদেশে ট্রেড মিশন পাঠাবে নেদারল্যান্ডস। একই সাথে, দেশে আন্তর্জাতিক মানের ল্যাব স্থাপন, পৈঁয়াজ ও আলু সংরক্ষণ, জলবায়ু পরিবর্তনসহনশীল ফসলের জাত উদ্ভাবন, গ্রীনহাউজ ও গ্যাস হাউজ তৈরির ক্ষেত্রে প্রযুক্তিগত সহায়তা পাওয়া যাবে বলে জানিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। ২৪ নভেম্বর ২০২১ বুধবার সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১



নেদারল্যান্ডস ও যুক্তরাজ্য সফরের ওপর সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

যুক্তরাজ্যের ফুড স্ট্যান্ডার্ড এজেন্সির সাথে মাননীয় কৃষিমন্ত্রীর মতবিনিময়



যুক্তরাজ্যের ফুড স্ট্যান্ডার্ড এজেন্সির সাথে সমঝোতা স্মারক সই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি ও লন্ডনে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম

যুক্তরাজ্যসহ ইউরোপের বাজারে কৃষিপণ্যের রপ্তানি বৃদ্ধির জন্য দেশে আধুনিক টেস্টিং ল্যাব স্থাপন, উন্নয়ন এবং কৃষিপণ্য রোগজীবাণুমুক্ত ও নিরাপদ বিষয়ে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য সনদ (ফাইটোস্যানিটারি) প্রদানের বিষয়ে সহযোগিতার জন্য যুক্তরাজ্যের ফুড স্ট্যান্ডার্ড এজেন্সির সাথে সমঝোতা স্মারক সই হবে। ১৬ নভেম্বর ২০২১ সোমবার যুক্তরাজ্যের লন্ডনে দেশটির ফুড স্ট্যান্ডার্ড এজেন্সি (এফএসএ) ও সরকারি গবেষণাগারের

কর্মকর্তা এবং লন্ডন সফররত কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপির মধ্যে অনুষ্ঠিত বৈঠকে এ বিষয়ে আলোচনা হয়। অনুষ্ঠানে ইউকের ফুড স্ট্যান্ডার্ড এজেন্সির চিফ সাইন্টিফিক অ্যাডভাইজার

**পান রপ্তানির নিষেধাজ্ঞা
তুলতে কাজ চলছে**

অধ্যাপক রবিন মে ডেপুটি গভর্নমেন্ট কমিসিট সেলভারানি এলাহি, হেড অব ইইউ অ্যান্ড ইন্টারন্যাশনাল

স্ট্যান্ডার্ডিজ লিজ স্ট্রটন, এফএসএর সাইন্টিফিক স্যাম্পলিং ও ল্যাবরেটরি পলিসি লিডার ডেভিড ফ্রাঙ্কলিং উপস্থিত ছিলেন। ফুড স্ট্যান্ডার্ড এজেন্সি ও সরকারি গবেষণাগারের এক্সপার্টরা এ সময় সে দেশের ল্যাবস স্থাপন, পরিচালনা, টেস্টিং মানদণ্ড, রেগুলেটরি চাহিদা প্রভৃতি বিষয়ে উপস্থাপনা করেন। মাননীয় কৃষিমন্ত্রী এসময় বলেন, বাংলাদেশে আমরা বিশ্বমানের আধুনিক ল্যাব স্থাপন

এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩

ঢাকায় জিআইএসএফ এর আঞ্চলিক অফিস উদ্বোধন করেন মাননীয় কৃষিমন্ত্রী

ঢাকার ফার্মগেটে অবস্থিত বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) চত্বরে কানাডার সাস্কচুয়ান বিশ্ববিদ্যালয়ের গ্লোবাল ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (জিআইএফএস) এর আঞ্চলিক অফিস চালু হয়েছে। এ অফিস স্থাপনের মাধ্যমে বাংলাদেশ এবং কানাডার কৃষি গবেষণা প্রতিষ্ঠানসমূহের মধ্যে গবেষণা সহযোগিতা সম্পর্ক প্রতিষ্ঠিত হবে এবং সেন্টারটি দেশের কৃষি গবেষকদের জলবায়ু পরিবর্তনসহ কৃষিতে উদ্ভূত চ্যালেঞ্জ মোকাবেলায় উন্নত জ্ঞান ও দক্ষতা অর্জনে সহায়তা প্রদান করবে।

১২ ডিসেম্বর ২০২১ সকালে ঢাকায় বিএআরসিতে এ অফিসের উদ্বোধন করেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। এসময় তিনি বলেন, বহুমুখী ও মানসম্পন্ন কৃষি-খাদ্য উৎপাদনে সাস্কচুয়ান অঞ্চলের বিশ্বজুড়ে সুনাম রয়েছে। ঢাকায় এ অফিস চালুর ফলে তাদের প্রযুক্তি ও অভিজ্ঞতাকে কাজে লাগানো যাবে। বাংলাদেশ ও কানাডার মধ্যে কৃষিখাতে সহযোগিতা আরও জোরদার হবে।

মাননীয় কৃষিমন্ত্রী আরও বলেন, বর্তমান সরকারের আমলে দেশে কৃষি উৎপাদনে অভাবনীয় সাফল্য অর্জিত হয়েছে। কিন্তু ভবিষ্যতে কৃষি উৎপাদনের প্রবৃদ্ধি ধরে রাখা এবং তা আরও বৃদ্ধি করতে অনেক চ্যালেঞ্জ রয়েছে। এসব চ্যালেঞ্জ মোকাবেলা করে খাদ্য নিরাপত্তা টেকসই করতে জিআইএফএস আঞ্চলিক অফিস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। কানাডার সাস্কচুয়ান সরকারের কৃষিমন্ত্রী ডেভিড মেরিট অনুষ্ঠানে ভার্চুয়ালি বক্তব্য রাখেন। তিনি বলেন, এ অফিস স্থাপনের মাধ্যমে দুদেশের মধ্যে কৃষিক্ষেত্রে সহযোগিতা

এরপর পৃষ্ঠা ৪ কলাম ৩